**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**12 JANUARY 2025** **7:45 PM IST**

==========================================================================

১) আজ জাতীয় যুব দিবস । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বিকশিত ভারত যুব নেতা আলোচনায় অংশ গ্রহণ ।

২) রাজ্যে পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত করতে গৌহাটি হাইকোর্টের রায়দান । পয়লা বৈশাখের আগে বা পরে এই নির্বাচন অনুষ্ঠিত হওয়ার সম্ভাবনা ।

৩) কেন্দ্রীয় লোকসেবা আয়োগের পরীক্ষায় অবতীর্ণ হতে প্রস্তুত রাজ্যের ৫শো ৫২ জন প্রার্থীর জন্য রাজভবণ থেকে প্রশিক্ষণের ব্যবস্থা ।

৪) বরাক উপত্যকার ঘরে ঘরে মকর সংক্রান্তি পালনের প্রস্তুতি । মকর সংক্রান্তি এবং ভোগালী বিহু উপলক্ষে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার শুভেচ্ছা ।

---

আজ জাতীয় যুব দিবস । একজন মহান আধ্যাত্মিক নেতা , দার্শনিক ও চিন্তানায়ক স্বামী বিবেকানন্দের স্মৃতিতে প্রতিবছর ১২ জানুয়ারী এই দিবস পালন করা হয় । স্বামীজীর প্রেরণাদায়ক জীবন এবং শক্তিশালী বার্তা যুবক-যুবতীদের স্বপ্ন বাস্তবায়িত করার ক্ষেত্রে সর্বদা অনুপ্রানিত করে আসছে । স্বামী বিবেকানন্দের জন্ম জয়ন্তী উপলক্ষে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেছেন । শ্রী মোদী এক বার্তায় বলেছেন যে যুব প্রজন্মের প্রেরণার উৎস স্বামী বিবেকানন্দ যুবক-যুবতীদের জীবনের

উদ্দেশ্য এবং কর্মজীবনকে উজ্জীবিত করে আসছে । তিনি বলেন যে স্বামী বিবেকানন্দের উন্নত তথা শক্তিশালী ভারত গড়ার লক্ষ্যকে বাস্তবায়িত করতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ ।

---

জাতীয় যুব দিবস উপলক্ষে আজ নতুন দিল্লীতে অনুষ্ঠিত বিকশিত ভারত যুব নেতা আলোচনা - ২০২৫-এ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী অংশ গ্রহণ করেছেন । এই উপলক্ষে আয়োজিত একটি প্রদর্শনী পরিদর্শন করে শ্রী মোদী যুব নেতাদের সঙ্গে মত বিনিময় করেন । তারা প্রধানমন্ত্রীর সামনে বিকশিত ভারত সম্পর্কে তাদের দৃষ্টিভঙ্গি উপস্থাপন করেন । এই উপস্থাপনা সমূহের মধ্যে ভারতের জন্য কয়েকটি বিশেষ জরুরী প্রত্যাহ্বানের মোকাবিলা করার উদ্ভাবনীমূলক ধারণা ও তার সমাধান প্রতিফলিত করা হয়েছে । দেশের ভবিষ্যত নেতাদের অনুপ্রাণিত , প্রেরণা এবং সাবলীকরণের জন্য প্রস্তুত করা একাধিক কার্যসূচিতে অংশ গ্রহণ করে প্রধানমন্ত্রী  বলেন যে দেশের যুব প্রজন্মের উদ্ভাবনীমূলক ক্ষমতাই ভারতেকে একটি উন্নত রাষ্ট্র হিসেবে গড়ে তুলবে । তিনি বলেন যে ভারতের যুব শক্তি দেশকে দ্রুত পরিবর্তনশীল করে তুলছে । প্রধানমন্ত্রী বলেন যে দেশের নব-প্রজন্মের ওপর তার অগাধ বিশ্বাস রয়েছে এবং তারাই আগামীদিনের সব সমস্যার সমাধান খুজে বের করতে সক্ষম হবে । প্রসঙ্গত তিনি বলেন যে একটি উন্নত রাষ্ট্রের মূল ভিত হচ্ছে শক্তিশালী অর্থনৈতিক পরিকল্পনা , কর্মপদ্ধতি সামাজিক এবং সাস্কৃতিক বন্ধন ।

উল্লেখ্য যে গত শুক্রবার থেকে আরম্ভ হওয়া তিনদিনব্যাপী এই অনুষ্ঠান যুবক-যুবতীদের জন্য বিকশিত ভারতের অভিনব সমাধান তুলে ধরার এক অনন্য মঞ্চ প্রদান করেছে ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ১৯ জানুয়ারী রবিবার আকাশবাণীর মন-কি-বাত অনুষ্ঠানে দেশ-বিদেশের জনসাধারণের সঙ্গে তার চিন্তা ভাবনা ভাগ করে নেবেন । এটি হবে মন-কি-বাতের ১শো ১৮তম পর্ব ।

টোল-ফ্রি নম্বর ১৮০০-১১-৭৮০০তে ফোন করে জনগন তাদের মতামত ও পরামর্শ জানাতে পারবেন । নরেন্দ্র মোদী অ্যাপ অথবা মা-গভ ওপেন ফোরামের মাধ্যমে অন-লাইনেও জনসাধারণ আগামী ১৭ জানুয়ারী পর্যন্ত তাদের পরামর্শ প্রদান করতে পারবেন ।

এই অনুষ্ঠান ১৯ জানুয়ারী বেলা ১১টা থেকে আকাশবাণী ও দূরদর্শনের সবকটি প্রচার তরঙ্গ , এ-আই-আর নিউজ ওয়েবসাইট এবং নিউজ-অন-এ আই আর মোবাইল অ্যাপে সম্প্রচার করা হবে । এ আই আর নিউজ , ডি ডি নিউজ , পি এম ও এবং

তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ-টিউব চ্যানেলগুলিতেও সরাসরি তা শোনা যাবে । আকাশবাণীতে হিন্দি ভাষায় সম্প্রচারের ঠিক পরেই আঞ্চলিক ভাষায় তা সম্প্রচারিত হবে । রাত ৮টায় আঞ্চলিক ভাষার অনুবাদ পুন: প্রচারিত হবে ।

---

গৌহাটি হাইকোর্ট রাজ্যের পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত করার অনুমতি প্রদান করেছে । ফলে, বিবাদমান ৯টি পঞ্চায়েতকে বাদ দিয়ে খুব শীঘ্রই সমগ্র রাজ্যে পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত হবে । শ্রীভূমি , কাছাড় , হাইলাকান্দি এবং মরিগাওকে অর্ন্তভুক্ত করে গৌহাটি হাইকোর্টে পঞ্চায়েত নির্বাচন নিয়ে মোট ৯টি লেখ-আবেদন দাখিল করা হয়েছিল । বিচারপতি সৌমিত্র শইকীয়ার  আদালত এ সম্পর্কীত গত শুক্রবারের স্থগিত রাখা রায়দান পুনর বিবেচনা করে আজ পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত করার রায় প্রদান করে ।

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা হাই কোর্টের এই রায়দানের পর আগামী পয়লা বৈশাখের **আগে বা পরে** রাজ্য পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত করার সম্ভাবনার কথা সাংবাদিকদের জানান ।

---

এদিকে , পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত করতে আদালতের রায় দানের সঙ্গে সঙ্গেই রাজ্যের বিভিন্ন রাজনৈতিক দল তাদের প্রাথমিক প্রস্তুতি শুরু করেছে । প্রবীন বি জে পি নেতা তথা রাজ্যের পঞ্চায়েত মন্ত্রী রনজিৎ কুমার দাস আজ দরং জেলায় একটি পঞ্চায়েত নির্বাচনী সভায় অংশ গ্রহণ করেন । তিনি আসন্ন পঞ্চায়েত নির্বাচনে ঐক্যবদ্ধ হয়ে প্রতিদ্বন্দিতা করতে দলীয় কর্মীদের প্রতি আহ্বান জানান । বিরোধী দল কংগ্রেসকেও নির্বাচনী তৎপরতা শুরু করার দৃশ্য পরিলক্ষিত হয়েছে । দলের প্রবীন নেতা তথা সাংসদ রকিবুল হুসেন প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে কোন ধরণের দূর্নীতি সহ্য করা হবে না বলে মন্তব্য করেছেন ।

---

ফ্রান্সে ইউনেস্কোর মুখ্য কার্যালয়ে আগামীকাল বিশ্ব ঐতিহ্যক্ষেত্র হিসেবে চরাইদেউ মৈদামকে স্বীকৃতিপত্র আনুষ্ঠানিকভাবে প্রদান করা হবে ।সাংস্কৃতিক মন্ত্রী বিমল বরা গতকাল একথা জানান । মন্ত্রী এই সম্মান গ্রহণের জন্য ইতিমধ্যে ফ্রান্সের উদ্দেশ্যে রোয়ানা দিয়েছেন ।উল্লেখ্য উত্তরপূর্বাঞ্চলের প্রথম সাংস্কৃতিক ঐতিহ্যক্ষেত্র  চরাইদেউ

ইউনেস্কোর বিশ্ব ঐতিহ্যক্ষেত্র হিসেবে স্বীকৃতি লাভ করেছে ।এই স্বীকৃতি লাভের ক্ষেত্রে গ্রহণ করা প্রচেষ্টার জন্য মন্ত্রী প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মাকে ধন্যবাদ জানিয়েছেন ।

---

মণিয়ারখালের বাণীশক্তি ক্লাবের উদ্যোগে আজ বিভিন্ন কার্য্যসূচীর মধ্য দিয়ে স্বামী বিবেকানন্দের ১৬৩তম জন্ম বার্ষিকী জাতীয় যুব দিবস হিসেবে পালন করা হয়েছে । সকালে প্রথমে স্বামীজীর প্রতিকৃতিতে মাল্যদান করে শ্রদ্ধা জানানো হয়েছে । পরে প্রাক্তন গ্রাম পঞ্চায়েত সভাপতি পরেশ তাঁতির পৌরহিত্যে আয়োজিত সভায় স্বামীজির জীবন ও আর্দশ নিয়ে বিশিষ্ট শিক্ষক সঞ্জয় ওঝা , শিলুরাণী রায় , সমরেশ চৌধুরী প্রমূখ বক্তব্য রাখেন ।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেলের রেলওয়ে সুরক্ষা বাহিনী আগরতলা রেল স্টেশনে বিভিন্ন সময়ে অভিযান চালিয়ে ১৮ জন বাংলাদেশী নাগরিক ও একজন দালালকে আটক করেছে । সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে গতমাসে রেলওয়ে সুরক্ষা বাহিনী বিভিন্ন স্টেশনে অভিযান চালিয়ে ৯০ জন নাবালক-নাবালিকা ও দুজন মহিলাকে আটক করা হয়েছে ।

---

কেন্দ্রীয় লোকসেবা আয়োগের পরীক্ষায় অবতীর্ন হতে যাওয়া রাজ্যের ৫১২ জন শিক্ষার্থীর জন্য রাজভবন থেকে প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে ।রাজ্যপাল লক্ষ্মন প্রসাদ আচার্য ভোগালী বিহু উপলক্ষে রাজ্যবাসীকে সুভেচ্ছা জানিয়ে গতকাল একথা প্রকাশ করেন । রাজভবনে গতকাল আয়োজন করা প্রাক ভোগালী উৎসবে সংবাদ মাধ্যমের লোকেদের সংগে মত বিনিময় করে রাজ্যপাল একথা জানান । রাজ্যের ছাপা ও বৈদ্যুতিন মাধ্যমের একাংশ সম্পাদক ও সাংবাদিককে আমন্ত্রণ করে অনুষ্ঠিত এই প্রাক ভোগালী উৎসবে তিনি বলেন যে প্রশিক্ষণ প্রদানের জন্য ৫১২ জনের মধ্যে ৫০০ জনকে অনলাইন ব্যবস্থার মাধ্যমে ও ১২ জনকে অফলাইন ব্যবস্থার মাধ্যমে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা আরম্ভ করা হয়েছে । এই শিক্ষার্থীরা যাতে লোকসেবা আয়োগের প্রারম্ভিক ও মূল পরীক্ষায় অবতীর্ন হতে পারে সেজন্য রাজভবনের বিভিন্ন সুবিধা দেওয়া হবে বলে তিনি জানান ।

দিব্যাংগ ব্যাক্তিরা সহ কলা ও সাংস্কৃতিক কর্মী , সামাজিক কর্মী , সাহিত্যিকে ইত্যাদি বিভিন্ন ক্ষেত্রের সংগে জড়িত ব্যাক্তিকে উৎসাহ দেওয়ার ব্যবস্থা করা হয়েছে বলে

উল্লেখ করে রাজ্যপাল বলেন যে এধরনের ব্যাক্তিকে  সম্বর্ধনা ও পুরস্কার প্রদানের ও ব্যবস্থা করা হয়েছে ।